# B.A. 5th Semester (Programme) Examination, 2019-20

# BENGALI

**Course ID : 50118** **Course Code : AP/BNG-501/DSE-1A**

Course Title: মধ্যযুগের বাংলা সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থের আদি লীলায় কতগুলি পরিচ্ছেদ আছে? প্রথম পরিচ্ছেদের বিষয়বস্তু কী?

(খ) ‘এই ত করিব বৈষ্ণবধর্মের প্রচার। ইহাঁ হৈতে হৈবে দুই কুলের নিস্তার’ — নারায়ণের চিহ্নযুক্ত চৈতন্যেরচরণ দেখে একথা কে বলেছিলেন?

(গ) ‘ঘরের বাহিরে দণ্ডে শতবার’ — কার লেখা, কোন পর্যায়ের পদ?

(ঘ) ‘মাধব বহুত মিনতি করি তোয়’ — উক্তিটি কার? পদটি কোন পর্যায়ের?

(ঙ) বিজয়গুপ্তের পিতা-মাতার নাম কী? তাঁর মনসামঙ্গল কাব্য কী নামে পরিচিত?

(চ) বিজয়গুপ্তের কাব্যরচনার কালজ্ঞাপক শ্লোকটি লেখো।

(ছ) ধনপতি সদাগরের দুই স্ত্রী ও পুত্রের নাম লেখো।

(জ) ‘কমলে-কামিনী’ দৃশ্যটির সংক্ষেপে বর্ণনা দাও।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘চৈতন্যতরিতামৃত’ গ্রন্থের আদি লীলা অবলম্বনে গ্রন্থটির প্রধান বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো।

(খ) তোমাদের পাঠ্য বিদ্যাপতি রচিত বর্ষা-বিরহের পদটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) হাসন-হুসন দুই ভাই কীভাবে মনসা পূজায় রাজি হয়, তা ‘হাসন হুসন যুদ্ধ পালা’ অবলম্বনে সংক্ষেপে করো।

(ঘ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ‘বণিক খণ্ডে’ তৎকালীন সমাজের যে চিত্র ফুটে উঠেছে, তা সংক্ষেপে আলোচনা করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ‘চৈতন্যতরিতামৃত’ গ্রন্থের ষোড়শ পরিচ্ছেদ অবলম্বনে চৈতন্যর ‘কৈশোর লীলা’ থেকে ‘দিগ্‌বিজয়ী জয়’ পর্যন্ত বর্ণনা করো।

(খ) তোমাদের পাঠ্য চণ্ডীদাসের পদগুলি অবলম্বন করে তাঁর কবি-কৃতিত্বের পরিচয় দাও।

(গ) ‘মনসামঙ্গল’ কাব্য রচনায় কবি বিজয়গুপ্তের স্বকীয়তার দিকটি বিশ্লেষণ করো।

(ঘ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ‘বণিক খণ্ডের’ আখ্যান রচনায় কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করে।

## B.A. 5th Semester (Programme) Examination, 2019-20
## BENGALI

**Course ID : 50118** **Course Code : AP/BNG-501/DSE-1**

Course Title: রবীন্দ্র সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) ‘সোনার তরী’ কাব্যগ্রন্থের প্রকাশকাল লেখো। কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছে? ১+১=২

(খ) ‘দেবতারে প্রিয় করি ............’ উদ্ধৃতাংশটি সম্পূর্ণ করো। উদ্ধৃতাংশটি কোন কবিতা থেকে গৃহীত? ১+১=২

(গ) ‘চতুরঙ্গ’ উপন্যাসে ননীবালার আত্মহত্যার কারণ কী ছিল? ১+১=২

(ঘ) ‘চতুরঙ্গ’ উপন্যাসে স্বামীজির নাম কী? শচীশ কখন তাঁর কাছে গিয়ে আশ্রয় নেয়? ১+১=২

(ঙ) ‘চার অধ্যায়’ উপন্যাসে এলার বাবার নাম কী? বাবার মৃত্যুর পর এলার ভার কে নেন? ১+১=২

(চ) ‘এলা মাথা তুলে বললে “এই প্রতিজ্ঞাই আমার” — ইন্দ্রনাথকে তার কোন প্রতিজ্ঞার কথা বলেছে এলা?

(ছ) ‘এ কী কৌতুক নিত্যনূতন/ওগো কৌতুকময়ী!’ — উদ্ধৃতাংশটি ‘আত্মপরিচয়’ গ্রন্থের কোন প্রবন্ধে ব্যবহৃত হয়েছে?

(জ) “আমার তো বয়স পঞ্চাশ পার হইল” — বক্তা কে? উক্তিটি কোন গ্রন্থ থেকে গৃহীত হয়েছে?

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘বৈষ্ণব কবিতা’ কবিতায় ধরণীর প্রতি কবির ভালোবাসা কীভাবে পরিস্ফুট হয়েছে লেখো।

(খ) ‘চতুরঙ্গ’ উপন্যাস অবলম্বনে জ্যাঠামশাই-এর চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

(গ) ‘চার অধ্যায়’ উপন্যাসের ‘ভূমিকা’ অংশে স্বদেশি মন্ত্রে দীক্ষিত হওয়ার পূর্বে এলার জীবন সম্পর্কে কী জানা যায়?

(ঘ) ‘আত্মপরিচয়’ গ্রন্থের প্রথম প্রবন্ধে বিভিন্ন পত্র থেকে উদ্ধৃত অংশে লেখেকের প্রকৃতিপ্রেম কীভাবে পরিস্ফুট হয়েছে, তা সংক্ষেপে লেখো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ‘সোনার তরী’ কবিতার অন্তর্নির্হিত তাৎপর্যটি ব্যাখ্যা করো।

(খ) ‘চতুরঙ্গ’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) ভারতের স্বাধীনতার ইতিহাসে স্বদেশী যুগে দলীয় সংঘাতের ছবির মধ্যে অতীন্দ্র-এলার প্রেম ও মানসিক দ্বন্দ্ব ‘চার অধ্যায়’ উপন্যাসে কীভাবে প্রকাশিত হয়েছে বিশ্লেষণ করো।

(ঘ) ‘আত্মপরিচয়’ গ্রন্থের দ্বিতীয় প্রবন্ধে কবি তাঁর চল্লিশ বছরের বেশি সময় ধরে রচিত সাহিত্যকর্ম সম্পর্কে কী মতামত ব্যক্ত করেছেন ও তার মধ্যে দিয়ে কবির জীবনদর্শন কীভাবে ফুটে উঠেছে?

# B.A. 5th Semester (Programme) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50118** **Course Code : AP/BNG-501/DSE-1**

Course Title: কথাসাহিত্য ঃ উপন্যাস

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) কুন্দনন্দিনীর প্রথম স্বামীর নাম কী? কোন ব্যাধিতে কুন্দনন্দিনীর স্বামীর মৃত্যু হয়েছিল?

(খ) 'হীরের ইষ্টিরস হয়েছে, তাই ডাক্তারের কাছে গিয়েছিলাম, সে একটু কেষ্টরস দিয়াছে।' — 'ইষ্টিরস' ও 'কেষ্টরস' শব্দদুটি মূল কোন শব্দের বিকৃতি? ২

(গ) 'ঘরে বাইরে' উপন্যাসটি কত সালে এবং কোন পত্রিকাতে প্রকাশিত হয়? ১+১=২

(ঘ) 'আমি মায়ের মতো দেখতে এই কথা সকলে বলে।'— উক্তিটি কার? তার 'মা' কেমন দেখতে ছিলেন? ১+১=২

(ঙ) জলে ভেসে আসা শিশুটির মুখে ইন্দ্র কীসের গন্ধ পেয়েছিল? শিশুটির মৃত্যুর কারণ কী? ১+১=২

(চ) 'মরতে একদিন তো হবেই ভাই' — কে, কাকে একথা বলেছে? কোন উপন্যাসের অংশ এটি? ১+১=২

(ছ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে জেলে পরিবারগুলিকে কে ময়নাদ্বীপে নিয়ে গিয়েছিল? ময়নাদ্বীপ কত মাইল লম্বা? ১+১=২

(জ) 'দ্বীপ দেখিয়া আমিনুদ্দি বড়ো দমিয়া গিয়াছে'— 'দ্বীপ' দেখে 'আমিনুদ্দি'র দমে যাওয়ার কারণটি কী? ২

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'বিষবৃক্ষ' উপন্যাসে দেবেন্দ্র হীরা উপকাহিনীর গুরুত্ব আলোচনা করো।

(খ) ''জীবনটা কেঁদে ভাসিয়ে দেওয়ার চেয়ে হেসে উড়িয়ে দেওয়াই ভালো'' — এই উপলব্ধি কার? এই উপলব্ধি থেকে বক্তার চরিত্রের কোন দিক উদ্ভাসিত তা লেখো।

(গ) শাহজী ও অন্নদাদিদির আখ্যান সংক্ষেপে বিবৃত করো।

(ঘ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে জেলেদের জীবনে পদ্মানদীর গুরুত্ব আলোচনা করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) 'বিষবৃক্ষ' উপন্যাসে ত্রিকোণ-প্রেমের বিষয়টি উপন্যাস জুড়ে আবর্তিত হয়েছে— আলোচনা করো।

(খ) 'ঘরে-বাইরে' উপন্যাসে স্বদেশভাবনার যে পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।

(গ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের কপিলা চরিত্র পদ্মানদীর মতো রহস্যময়। — আলোচনা করো।

(ঘ) 'আত্মজীবনীমূলক' উপন্যাস হিসেবে 'শ্রীকান্ত' উপন্যাসের সার্থকতা বিচার করো।

---

## B.A. 5th Semester (Programme) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50118** **Course Code : AP/BNG-501/DSE-1**

Course Title: নাট্যসাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) ‘যযাতি’ কী কারণে জরাগ্রস্ত হয়েছিল? কে, তার জরা গ্রহণ করেছিল? ১+১=২

(খ) ‘তোমার কন্যা চিরকাল দেবযানীর দাসী হয়ে থাকুক, এই আমার ইচ্ছা।’— উক্তিটি কার? ‘তোমার কন্যা’ বলতে এখানে কার কথা বলা হয়েছে? ১+১=২

(গ) ‘সাজাহান’ নাটকে ব্যবহৃত ‘বৈষ্ণবগীতি’গুলি পদকর্তার নামসহ উল্লেখ করো।

(ঘ) ‘সাজাহান’ নাটকের প্রথম সংলাপটি কোন চরিত্রের? দ্বিজেন্দ্রলাল রায় নাটকটি কাকে উৎসর্গ করেছিলেন? ১+১=২

(ঙ) ‘মুক্তধারা’ নাটকটির প্রকাশকাল লেখো। নাটকটি কোন পত্রিকাতে প্রকাশিত হয়েছিল? ১+১=২

(চ) ‘মুক্তধারা’ নাটকের ইংরাজী অনুবাদটির নাম কী? এটি কোন পত্রিকাতে প্রকাশিত হয়েছিল? ১+১=২

(ছ) ‘টিনের তলোয়ার’ নাটকে বেঙ্গল থিয়েটারের ঘরের দেওয়ালে কোন কোন নাটকের ফেস্টুন লাগানো আছে?

(জ) ‘‘যতক্ষণ এর ফিরিঙ্গি শয়তান দেশের পবিত্র বুকে পা রেইখে দাঁড়গে থাকবে ততক্ষণ এই ওয়াহাবি তিতুমীরের তলোয়ার কোষবদ্ধ হবে না কখনো।’’— প্রসঙ্গটি লেখো।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘শর্মিষ্ঠা’ নাটকের ‘যযাতি’ চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

(খ) ‘সাজাহান’ নাটকের গঠনরীতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(গ) ‘মুক্তধারা’ নাটকের নামকরণের সার্থকতা সংক্ষেপে বিচার করো।

(ঘ) ‘টিনের তলোয়ার’ নাটকের শেষ দৃশ্যের গুরুত্ব বিশ্লেষণ করে দেখাও।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) বাংলা নাটকের ইতিহাসে ‘শর্মিষ্ঠা’ নাটকের গুরুত্ব আলোচনা করো।

(খ) ট্র্যাজেডি নাটক হিসেবে ‘সাজাহান’ নাটকের সার্থকতা বিচার করো।

(গ) ‘‘রণজিৎ, বিভূতি ও অভিজিৎ— এই তিনটি চরিত্র সম্ভবত তিনটি স্তরের প্রতীক।’’—‘মুক্তধারা’ নাটক অনুসারে এই বক্তব্যের যথার্থতা আলোচনা করো।

(ঘ) ‘টিনের তলোয়ার’ নাটকের ‘ময়না’ চরিত্রটি বিশ্লেষণ করো।

———